



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৩/১৫৭৯

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

- | | | |
|----|-------------|---|
| ০১ | সভার সভাপতি | ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২ | সভার নাম | ঃ আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা। |
| ০৩ | সভার তারিখ | ঃ ৩০/১১/২০২৩ইং। |
| ০৪ | সভার বার | ঃ বৃহস্পতিবার। |
| ০৫ | সভার সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| ০৬ | সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ। |

সভার উপস্থিতি- (পরিশিষ্ট-ক)

অত্র পৌরসভার মেয়র ও অত্র কমিটির সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় তিনি আইন শৃঙ্খলা বিষয়ে সকলকে সজাগ থাকার আহবান জানান। অত্র কমিটির সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারীকে মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির বিগত সভার কার্যবিবরণী উপস্থাপনের নির্দেশ প্রদান করেন।

আলোচ্য সূচী : (১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও স্থিরকরণ :

আলোচনা : সভাপতির নির্দেশ মোতাবেক অত্র কমিটির সহায়ক কর্মকর্তা আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির বিগত ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পঠিত কার্যবিবরণীর উপর সদস্যগণ আলোচনা করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণী কোন প্রকার সংশোধনী, পরিবর্তন ও পরিবর্ধন না থাকায় পূর্ববর্তী সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

(২) সার্বিক আলোচনা :

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা- সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভাল অবস্থায় রয়েছে। আসছে মাসেই ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন করা হবে এবং ২০২৪ সনের জানুয়ারি মাসের ০৭ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। তাই উল্লেখিত দিবস সমূহ যথাযথ ভাবে পালন সহ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মানিকগঞ্জ পৌর এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি যাহাতে শান্তি পূর্ণ অবস্থায় বজায় থাকে তার দিকে খেয়াল রাখতে হবে। নির্বাচিত প্রতিনিধি হিসেবে পৌর এলাকার আইন শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব আমাদের উপরই বর্তায়। তাই সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে উঠান বৈঠকের মাধ্যমে আইন শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে মতবিনিময় সভা করা যেতে পারে। মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্ব পূর্ণ। বর্তমানে মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলার অবস্থা সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হলে আমাদেরকে সচেতন থাকতে হবে। তিনি আরো বলেন মানিকগঞ্জ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হলে ওয়ার্ড ভিত্তিক আইন শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করা যেতে পারে এবং গঠিত কমিটি ওয়ার্ড ভিত্তিক আইন শৃঙ্খলা ও মাদকাসক্তির বিরুদ্ধে সচেতনতা মূলক সভা আহবান করে আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রচেষ্টা গ্রহণ করা যেতে পারে। সভার মেয়র জানান যে, আগামী ২৫শে ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রদায়ের বড়দিন। বড়দিন উপলক্ষে খ্রীষ্টান ও বৈদ্য সম্প্রদায় বড় দিনের উৎসব পালন করে থাকে। সে সময় স্বার্থান্বেষী মহল বিশৃঙ্খলা ঘটাতে পারে। তাছাড়া ৩১ ডিসেম্বর থার্টী ফাষ্ট নাইট হিসেবে উৎসব পালন করা হয়ে থাকে। উশৃঙ্খল যুবকেরা সাধারণত বেপরোয়া চলাফেরা করে এবং মাদকাসক্তির প্রভাব বৃদ্ধি পেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ যথাযথ ভাবে উদযাপন সহ ২০২৪ সনের জানুয়ারি মাসের ০৭ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রতিটি ওয়ার্ডের সংশ্লিষ্ট কাউন্সিলরগণ তার নিজ নিজ এলাকায় যাহাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির কোন প্রকার অবনতি না হয় সে দিকে লক্ষ রাখার এবং সুষ্ঠু আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক সদস্যের সমন্বয়ে কমিটি গঠনের এবং পৌর এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় আইন শৃঙ্খলা বাহিনীর টহল প্রদানের সুপারিশ করা হলো এবং উল্লেখিত দিবস সমূহে টিনেজ ও যুবক/যুবতীদের উশৃঙ্খল আচরন প্রতিহত করার ব্যবস্থা গ্রহণের জন্য মাদক নিয়ন্ত্রন বিভাগ ও আইন শৃঙ্খলা বিভাগকে সচেতন থাকার জন্য অনুরোধ করার সুপারিশ গৃহিত হলো ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ রমজান আলী) মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

ও

সভাপতি

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি ।

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৩/১৫৭৯

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ০১। জনাব কাউন্সিলর ও সদস্য আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক
স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
- ০২। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
- ০৩। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
- ০৪। জনাব
- ০৫। অফিস কপি

মেয়র মোঃ রমজান আলী
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

ও

সভাপতি

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি ।